দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 02 NOV 2008
পৃঃ ... কলাম ...

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষ ॥ আহত ৩০

॥ জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

ভর্তি পরীক্ষার ফরম তোলাকে কেন্দ্র করে গতকাল শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ উভয়পক্ষে ৩০ জন আহত হয়েছে। এক কর্মীকে আটক করেছে পুলিশ। আহতদের ২১ জনের অবস্থা আশংকাজনক। আহতদের ঢাকা মেডিক্যাল হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিকে ভর্তি করা হয়েছে।

দুপুর ১২টার দিকে ছাত্রলীগের সভাপতি গ্রুপের কর্মী জসিম ও সাধারণ সম্পাদক গ্রুপের কর্মী মুকুলের মধ্যে সোমবারের ফরম ছিনতাইয়ের ঘটনায় কথা কাটাকাটি হয়। হাতাহাতিতে রূপ নিলে উভয় গ্রুপের কর্মীরা এসে উপস্থিত হলে পরিস্থিতির অবনতি ঘটে। ধাওয়া-পাল্টা ধাওয়া এবং ইটপাটকেল নিক্ষেপ চলে। ভর্তি ফরম বিক্রি বন্ধ হয়ে যায়। শিক্ষার্থী, শিক্ষক, কর্মচারী ও ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ছোটাছুটি শুরু করে। পুলিশ এখানে নীরব ভূমিকা পালন করলেও পরে উভয় গ্রুপের কর্মীদের বেধড়ক লাঠিচার্জ করে। আহসানুজ্জামান আপন নামে এক ছাত্রলীগ কর্মীকে পুলিশ গ্রেফতার করে। ছাত্রলীগ সভাপতি কামরুল হাসান রিপন ও সাধারণ সম্পাদক গাজী আবু সাঈদসহ ৩০ জন আহত হয়।

বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি কামরুল হাসান রিপন ও সাধারণ সম্পাদক গাজী আবু সাঈদ উভয়েই ঘটনাকে নিজেদের মধ্যে ভুল বোঝাবুঝির ফল বলে জানান।